কিছু উদাহরণ:

আপনি একটি অ্যাপার্টমেন্ট ভবনে একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নিলেন এবং আপনার অ্যাপার্টমেন্টে ঢুকতে-বেরোতে হুইলচেয়ার ব্যবহার করার প্রয়োজন হয়। আপনি অন্যদের সাহায্য ছাড়া ভবনের সামনের ধাপটি চড়তে পারেন না। আপনার কোনও বিকল্প রয়েছে কি?

আপনার বাড়িওয়ালার আপনাকে ভবনে প্রবেশের সুযোগ দিতে একটি র্যাম্প বা অন্য কোনও যুক্তিসঙ্গত উপায়ের ব্যবস্থা করার প্রয়োজন হতে পারে।

আপনি অবসাদে ভোগেন এবং আপনার চিকিৎসক আপনাকে সুপারিশ করেছেন যে আপনি যেন একটি সঙ্গী পশু গ্রহণ করেন এবং পশুটি যেন আপনার সঙ্গে আপনার বাড়িতে বাস করে। তৎসত্ত্বেও, আপনার বাড়িওয়ালা, কুপ বা কন্ডো পোষ্য রাখার অনুমতি দেয় না। আপনার কোনও বিকল্প রয়েছে কি?

আপনার চিকিৎসক যদি শংসিত করেন যে আপনার প্রতিবন্ধকতার কারণে অঙ্গনটি ব্যবহার ও উপভোগ করতে আপনার একটি সঙ্গী পশুর প্রয়োজন, সেক্ষেত্রে আপনাকে "কোনও পোষ্য নয়" নীতি থাকা স্বত্বেও আপনার প্রতিবন্ধকতার সঙ্গে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়া হিসেবে নিজের বাসস্থানে সঙ্গী পশু সহ বাস করার অনুমতি দিতে হবে।

আপনার এমন একটি প্রতিবন্ধকতা রয়েছে যা আপনার অ্যাপার্টমেন্ট থেকে গাড়ি পর্যন্ত হেঁটে যাওয়া অসুবিধাজনক করে তোলে। আপনার অ্যাপার্টমেন্ট ভবনে প্রতিবন্ধীদের পার্কিং এর জায়গা রয়েছে। যদিও, আপনার অ্যাপার্টমেন্টের সবচেয়ে কাছের প্রতিবন্ধীদের পার্কিং এর জায়গাটি প্রায়শই ভর্তি থাকে। আপনার বাড়িওয়ালা কি আপনাকে আপনার অ্যাপার্টমেন্টের কাছে সংরক্ষিত পার্কিং এর জায়গা দিতে পারেন?

আবাসন প্রদানকারীদের পার্কিং এর এলাকার মাপের ভিত্তিতে প্রবেশযোগ্য পার্কিং প্রদান করার প্রয়োজন হয়। যদিও, আবাসন প্রদানকারীর সাধারণভাবে প্রতিবন্ধকতা সহ কোনও বিশেষ আবাসিকের জন্য পার্কিং এর জায়গা সংরক্ষিত রাখার প্রয়োজন পড়ে না, যদি না গোটা পার্কিংই সংরক্ষিত হয়।

কীভাবে অভিযোগ দায়ের করতে হয়

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যই করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার কমিশন বিভাগেরকাছে অভিযোগ দায়ের করতে পারেন।

চারজন বা তার বেশি কর্মী আছে এমন নিয়োগকর্তারা নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের আওতাভুক্ত। অভিযোগে বর্ণিত বৈষম্যমূলক কাজটির এক বছরের ভিতরেবিভাগের কাছে অভিযোগটি জমা দিতে হবে।

অভিযোগ দায়ের করার জন্য:

- বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV এ যান এবং একটি অভিযোগের ফর্ম ডাউনলোড করুন। সম্পূর্ণ করা অভিযোগগুলি অবশ্যই একজন নোটারির সামনে স্বাক্ষর করতে হবে এবং বিভাগের কাছে ফেরত দিতে হবে (ডাকযোগে, ফ্যাক্স দ্বারা বা সশরীরে)।
- ব্যক্তিগতভাবে বিভাগের অফিসে যান।
- অভিযোগের ফর্ম পাওয়াএবং/অথবা অভিযোগ দায়ের করার ক্ষেত্রে অন্যান্য সহায়তার জন্য বিভাগের কোনো একটি অফিসের সঙ্গে টেলিফোনে বা ডাকযোগে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য, অথবা আপনার বাড়ি বা কর্মনিয়োগের স্থানের সবচেয়ে কাছের আঞ্চলিক অফিসটি খুঁজে পাওয়ার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুন: **WWW.DHR.NY.GOV.**

NEW YORK STATE | Division of Human Rights

প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের আবাসনের অধিকারসমূহ

ONE FORDHAM PLAZA
BRONX, NEW YORK 10458
1-888-392-3644
TTY: 718-741-8300
WWW.DHR.NY.GOV

Bengali—Housing Rights of Persons with Disabilities

প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের আবাসনের অধিকারসমূহ

নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইনে প্রতিবন্ধকতার ভিত্তিতে আবাসন বৈষম্য নিষিদ্ধ করা হয়। মানবাধিকার আইনে প্রতিবন্ধকতার সংজ্ঞা এইভাবে দেওয়া হয়েছে:

"কোনোরকম শারীরিক, মানসিক বা স্বাস্থ্যগত দুর্বলতা যা স্বাভাবিক শারীরিক ক্রিয়াকলাপের অনুশীলনে বাধা দেয় অথবা চিকিৎসাগতভাবে গ্রহণযোগ্য রোগনির্ণয়ের প্রকৌশলের বা সেই দুর্বলতার কোনও রেকর্ডের দ্বারা প্রদর্শিত হয় অথবা অন্যদের দ্বারা যে দুর্বলতার অবস্থা স্বীকৃত হয়।"

কোনও আবাসনের ভাড়া দেওয়া, বিক্রি বা লীজ দেওয়ায় প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা বেআইনি।

কোনও প্রতিবন্ধকতার ইতিহাস থাকার অথবা তাদের কোনও ব্যক্তির প্রতিবন্ধকতা রয়েছে বলে মনে করার কারণে বাড়িওয়ালার কোনও বৈষম্যমূলক পদক্ষেপ নেওয়া বেআইনি।

কোনও ব্যক্তির একটি বৈষম্যের অভিযোগ দায়ের করার কারণেও বাড়িওয়ালার কোনও বৈষম্যমূলক পদক্ষেপ নেওয়া বেআইনি।

নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইন যারা আবাসন বিক্রি করেন, ভাড়া দেন বা লীজ দেন তাদের প্রত্যেকের জন্য প্রযোজ্য, যাদের মধ্যে রয়েছেন মালিকগণ, পরিচালক এজেন্টগণ এবং ভূসম্পত্তির দালাল ও অন্যান্য এজেন্টগণ। ভূসম্পত্তির দালাল, ভূসম্পত্তির বিক্রেতা ও তাদের কর্মচারীবৃন্দের অতিরিক্ত বাধ্যবাধকতা রয়েছে। প্রতিবন্ধকতার ভিত্তিতে তাদের এগুলি করা বেআইনি:

- আবাসন বিক্রি, ভাড়া দেওয়া বা লীজ দেওয়ায় দরকষাকষি করতে অস্বীকার করা;
- উপলব্ধ থাকা অবস্থায় আবাসন বিক্রি, ভাড়া দেওয়া বা লীজ দেওয়ার জন্য উপলব্ধ নয় বলে উপস্থাপিত করা।

সীমাবদ্ধতাসমূহ

এগুলি নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইনের আওতায় আসে না:

- দুই-পরিবারের বাড়িতে মালিকের বসবাস করা ভাড়া দেওয়ার ইউনিট;
- মালিক বসবাস করেন এমন অস্থায়ী ভাড়া দেওয়ার ঘরের ভাড়া;
- একই লিঙ্গের ব্যক্তিগণ বসবাস করেন এমন যাবতীয় ঘরের ভাড়া; কিছু নির্দিষ্ট প্রবীণদের আবাসন।

যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়া

নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার আইনে আবাসনে প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের চাহিদার সঙ্গে মানিয়ে নেওয়ার প্রয়াস করার প্রয়োজন হয়।

এই আইনে সুনির্দিষ্টভাবে এগুলির প্রয়োজন হয়: প্রতিবন্ধকতা সহ ব্যক্তির অধিকৃত অংশের যুক্তিসঙ্গত রূপান্তর করার অনুমতি থাকা, যদি অংশটির পূর্ণ ব্যবহার ও উপভোগের জন্য সেই রূপান্তর জরুরি হয়; যখন প্রতিবন্ধকতা সহ ব্যক্তিকে আবাসনের ব্যবহার ও উপভোগের সমান সুযোগ দিতে সেইভাবে মানিয়ে নেওয়া হয়, তখন নিয়ম, নীতি, রীতি বা পরিষেবাকে যুক্তিসঙ্গতভাবে মানিয়ে নেওয়ার ব্যবস্থা করা।

এই আইনে 13 মার্চ, 1991 তারিখের পর নির্মিত যাবতীয় ইমারতের এগুলি প্রদান করার প্রয়োজন:

- প্রতিবন্ধকতা সহ ব্যক্তিদের দ্বারা সহজে প্রবেশযোগ্য ও ব্যবহারযোগ্য প্রকাশ্য ও সাধারণ এলাকা রাখা;
- যাবতীয় দরজার হুইলচেয়ার আরোহী ব্যক্তিদের চলাচলের মতো যথেষ্ট চওড়া হওয়া; এবং
- যাবতীয় একাধিক-পরিবারের ভবনগুলিতে প্রবেশযোগ্য চলাচলের পথ, দৃঢ়ভাবে আটকানো জিনিশপত্র, বাইরে বেরোনোর দরজা, বাথরুম ও রান্নাঘর থাকা।

প্রতিবন্ধীদের বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধ করা স্টেটের আইনগুলি ও অভিযোগ জানানোর প্রণালী সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার শাখার যে কোনও আঞ্চলিক দপ্তরে যোগাযোগ করুন অথবা আমাদের ওয়েবসাইটে যান: WWW.DHR.NY.GOV.